

বাবুফে প্রেসিডেন্টের বিবৃতি, জুন- ২০১৮

শুভেচ্ছা!

নতুন কোচের অধীনে প্রশিক্ষণ শুরু

বাংলাদেশ অলিম্পিক ফুটবল টিম এবং জাতীয় দল যথাক্রমে এশিয়ান গেমস ২০১৮ এবং সাফ চ্যাম্পিয়নশিপ ২০১৮-তে অংশগ্রহণ করবে। এ বছর আগস্ট ১৫ থেকে ২৭ ইন্দোনেশিয়াতে এশিয়ান গেমস এবং সেপ্টেম্বর ৪ থেকে ১৫ ঢাকায় সাফ চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান কোচ হিসেবে জেইমি ডে এবং সহকারী কোচ হিসাবে স্টুয়ার্ট পল ওয়ার্টকিসকে নিয়োগ দিয়েছে বাবুফে। আমি এটা জানাতে পেরে আনন্দিত যে তারা ইতোমধ্যেই জাতীয় দলের সাথে প্রশিক্ষণ শুরু করেছেন। যেহেতু জেইমি ডে আক্রমণাত্মক ফুটবলে বিশ্বাসী; সুতরাং আমি সফলতার জন্য সাগ্রহে অপেক্ষা করছি।

নারী খেলোয়াড়দের আবাসিক ক্যাম্প

অ-১৫, অ-১৬, অ-১৮ এবং অ-১৯ প্রমীলা দল ইতিমধ্যে ট্রেনিং-এ ফিরেছে। এ বছর সাফ এবং এএফসি চ্যাম্পিয়নশিপ থাকায় বেশ ব্যস্ত সময় পার করবে দলগুলো। প্রতিযোগিতায় বাংলাদেশের মেয়েরা ভালো ফলাফল করবে বলে আমরা আশাবাদী।

রাশিয়াতে F4F এ স্কুদে বাংলাদেশীদের চমক

ফিফা এবং ২০১৮ ফিফা বিশ্বকাপের অফিসিয়াল অংশীদার গ্যাজপ্রোম কর্তৃক আয়োজিত বন্ধুত্বের জন্য ফুটবলের (F4F) ষষ্ঠ মৌসুম মস্কোতে সফলভাবে শেষ হয়েছে।

বাংলাদেশ দ্বিতীয়বারের মতো এই আয়োজনে যোগদান করে। এই ইভেন্টে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন মো: গোলাম রাফি খান এবং রাফাত শামস, যাদেরকে যথাক্রমে স্কুদে ফুটবলার এবং স্কুদে সাংবাদিক হিসেবে নির্বাচিত করা হয়।

রাফি গালাপাগোস সি লায়ন দলের হয়ে খেলেছেন যেখানে তার সতীর্থ ছিলো সাইপ্রাস, লাইবেরিয়া, গণচীন, তুরস্ক, কাইকোস দ্বীপপুঞ্জ এবং এঙ্গেলার বারো বছর বয়সী কিশোর খেলোয়াড়েরা। সেখানে কোয়ালিফাইং ম্যাচগুলোতে সে ডিফেন্ডার হিসেবে অনেকগুলো গোল রুখে দিয়ে দুর্দান্ত ভূমিকা পালন করেছিল যা তার দলকে গ্রুপের দ্বিতীয় অবস্থানে নিয়ে গিয়েছিল।

স্কুদে সাংবাদিক হিসেবে কাজ করা রাফাত শামসের কৃতিত্বও কম ছিল না। সে বয়স্ক সাংবাদিকদের সাথে তাল মিলিয়ে সমানভাবে সমস্ত আয়োজন কাভার করেছিল।

বরিশাল ব্যাপটিস্ট মিশন স্কুল চ্যাম্পিয়ন

ফুলবাড়ী ডিএস আলিম মাদ্রাসা (সাতক্ষীরা) ০:৬ ব্যাপটিস্ট মিশন বালক উচ্চ বিদ্যালয় (বরিশাল)

৭ মে, ২০১৮ তারিখে দেশব্যাপী সাতটি ভেন্যুতে শুরু হয় প্রাণ মিল্ক ন্যাশনাল স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৭-১৮ যেখানে দেশের বহু শিক্ষাপ্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

প্রাথমিক ও নকআউট পর্বের পর ৩০ মে ঢাকায় চূড়ান্ত রাউন্ড শুরু হয়।

৭ জুন বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনালে বরিশালের ব্যাপটিস্ট মিশন বালক উচ্চ বিদ্যালয় সাতক্ষীরার ফুলবাড়ী ডি.এস. আলিম মাদ্রাসাকে ৬-০ গোলে হারিয়ে শিরোপা লাভ করে।

এমপি অ্যান্ড সিলভার সঙ্গে বাফুফের পাঁচ বছরের চুক্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন লন্ডন ভিত্তিক মিডিয়া রাইটস কোম্পানি এমপি অ্যান্ড সিলভার সঙ্গে পাঁচ বছরের স্পনসরশিপ চুক্তি স্বাক্ষর করেছে। বাফুফে টুর্নামেন্টের জন্য এই কোম্পানি প্রতিবছর আট কোটি টাকা দেবে।

এমপি অ্যান্ড সিলভা একটি আন্তর্জাতিক মিডিয়া রাইটস কোম্পানি যাদের বিশ্বব্যাপী ১৩ টি কার্যালয় রয়েছে। এটি বিভিন্ন আন্তর্জাতিক ক্রীড়ানুষ্ঠানের সম্প্রচার সত্ত্ব নিয়ন্ত্রণ করে এবং বিশ্বব্যাপী প্রায় ৫০০ জন সম্প্রচারকারীকে প্রায় ১০,০০০ ঘন্টা প্রোগ্রামিং বিতরণ করে।

কোম্পানিটির কাজের মধ্যে ফিফা বিশ্বকাপ, সিনিয়র ইউরোপিয়ান ফুটবল লীগ, গ্র্যান্ড স্ল্যাম টেনিস, মোটর রেসিং, হ্যান্ডবল, বেসবল, ভলিবল এবং বক্সিং অন্তর্ভুক্ত।

বিপিএল এবং বাংলাদেশ চ্যাম্পিয়নশিপ টিমের জন্য আর্থিক ব্যবস্থাপনা প্রশিক্ষণ

বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০১৮-১৯ এবং বাংলাদেশ চ্যাম্পিয়নশিপ ২০১৮-১৯ এ অংশগ্রহণকারী দলগুলো ২৮ জুন তারিখে বাফুফে ভবনে আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করে।

এশিয়ান ফুটবল কনফেডারেশনের কনসালট্যান্ট স্যামেল জি প্যান্থ্রাকিল প্রশিক্ষণ পরিচালনা করেন এবং গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে আলোকপাত করেন।

সাউথ ওয়েস্ট এশিয়ান ফুটবল ফেডারেশনের সবুজ সংকেত প্রাপ্তি

ফুটবলের উন্নয়নকল্পে একটি নতুন ফুটবল সংস্থা - সাউথ ওয়েস্ট এশিয়ান ফুটবল ফেডারেশন বা SWAFF প্রতিষ্ঠা করা হয়।

২০১৮ ফিফা বিশ্বকাপের আগে ফিফা নতুন এ প্রতিষ্ঠানটির প্রতি সমর্থন ব্যক্ত করেছে। এই সংস্থাটির ১৩ টি প্রতিষ্ঠাতা দেশের মধ্যে বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা, সৌদি আরব, বাহরাইন এবং সংযুক্ত আরব আমিরাত অন্তর্ভুক্ত আছে।

আশা করা হচ্ছে এই সংস্থাটির গোড়াপত্তন ফুটবল বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জনের জন্য অত্র অঞ্চলের দেশগুলোকে আরও সাহায্য করবে।

এই লক্ষ্যে বিভিন্ন ফুটবল ইভেন্টস এবং বাণিজ্যিক প্রোগ্রামগুলোতে নতুন করে বিনিয়োগ করা হবে যাতে করে SWAFF এর অন্তর্ভুক্ত দেশগুলোতে ফুটবলের সামগ্রিক উন্নতি হয়।

অ-১৫ ট্রায়াল

আসন্ন সাফ চ্যাম্পিয়নশিপের জন্য জাতীয় অ-১৫ ছেলেদের দল গঠনের জন্য ২৯ জুন থেকে ১ জুলাই সকাল ৮টা থেকে কমলাপুরের মোস্তফা কামাল স্টেডিয়ামে খেলোয়াড়দের একটি উন্মুক্ত ট্রায়াল আয়োজন করা হয়।

তৃণমূল থেকে পূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করতে সকল জেলায় এই পরীক্ষণের ঘোষণা দেয়া হয়েছিল। সেরা প্রতিভা খুঁজে বের করার এই পরীক্ষণের সময় বাফুফে কোচ এবং কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এএফসি এমএ রেফারিং প্রকল্প

২৪ জুন ঢাকার মতিঝিলের বাফুফে ভবনে এএফসি এমএ রেফারিং অ্যাডমিনিস্ট্রেশন প্রকল্প ২০১৭-১৮ অনুষ্ঠিত হয়।

এএফসি ডেভেলপমেন্ট অফিসার হিরোকাজু আবে এবং ইয়ো হো ইয়ানের পরিচালনায় এই প্রকল্পটি পরিচালিত হয়েছিল।

এছাড়াও স্থানীয় রেফারি প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন আজাদ রহমান এবং সুজিত কুমার ব্যানার্জী।